

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, দেখবেন যেভাবে

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক

(সম্মান) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। বৃহস্পতিবার

(২৬ জুন) দুপুরে বিশ্ববিদ্যালয়ের আইসিটি ভবনে আয়োজিত

সংবাদ সম্মেলনে ডাইসি চ্যানেলের ড. এ এস এম আমানুজ্বাহ এ

ফলাফল ঘোষণা করেন।

এ সময় তিনি জানান, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায়

মোট পরীক্ষার্থী ছিলেন ৫ লাখ ৬০ হাজার ৫৯৫ জন। এর মধ্যে ৪

লাখ ৬০ হাজার ৭০৬ জন উত্তীর্ণ হয়েছেন।

উত্তীর্ণদের মধ্যে ৩৩ দশমিক ২৮ শতাংশ পরীক্ষার্থী পঞ্চাশের

উপরে নম্বর পেয়েছেন। আর ৬৬ দশমিক ৭২ শতাংশ শিক্ষার্থী

পঞ্চাশের নিচে নম্বর পেয়েছেন।

জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয় ৪ লাখ ৪০ হাজার আসন

রয়েছে। যার মধ্যে যারা অনার্সে ভর্তি হতে পারবেন না তারা পাস

কোর্স, কারিগরি এবং অন্যান্য শাখায় ভর্তি হতে পারবেন।

গত ৩১ মে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

**ফল জানা যাবে যেভাবে :**

শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে লগইন করে

অথবা মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফল জানা যাবে।

মোবাইল ফোনের ক্ষেত্রে NUAT লিখে স্পেস দিয়ে রোল নম্বর

লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল

জানা যাবে।